

# যুগান্তর

## একাদশে ভর্তির আবেদনের সময় বাড়ল

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১০ জুন ২০২৪, ২২:৫৯:৩৫ | [অনলাইন সংস্করণ](#)



চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তিতে প্রথম ধাপের আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে। নতুন নির্দেশনা অনুযায়ী, আগামী ১৩ জুন রাত ৮টা পর্যন্ত আবেদন করতে পারবেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা।

আগের নির্দেশনা অনুযায়ী, প্রথম ধাপে আবেদনের শেষ সময় ছিল ১১ জুন রাত ৮টা। সেই হিসাবে শিক্ষার্থীরা আবেদনের জন্য বাড়তি দুইদিন সুযোগ পাবেন।

সোমবার বিকালে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকারের সই করা জরুরি বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তির লক্ষ্যে প্রথম পর্যায়ের শিক্ষার্থীদের আবেদনের মেয়াদ আগামী ১৩ জুন বৃহস্পতিবার রাত ৮টা পর্যন্ত বাড়ানো হলো। পুনঃনিরীক্ষণে যেসব শিক্ষার্থীর ফলাফল পরিবর্তন হবে, তারা এ সময়ের মধ্যে আবেদন করতে পারবে।

বিজ্ঞপ্তিতে শিক্ষার্থীদের আবেদনের ক্ষেত্রে সতর্ক হওয়ার আহ্বান জানিয়ে বলা হয়েছে, বোর্ডের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ছাড়া অন্য কোনো ভূয়া ওয়েবসাইটের বিজ্ঞাপন থেকে কোনো শিক্ষার্থী ও অভিভাবক প্রতারিত হলে কোনোভাবেই এর দায় কর্তৃপক্ষ বহন করবে না।

এদিকে, একাদশে ভর্তির আবেদনের কেন্দ্রীয় ওয়েবসাইটের তথ্যানুযায়ী, সবশেষ শনিবার (৮ জুন) রাত ১১টা পর্যন্ত কলেজে ভর্তি হতে ১২ লাখ ১৭ হাজার ৩৮ শিক্ষার্থী আবেদন করেছেন। তারা ৬৬ লাখ ৩০ হাজার ৬৬৪টি পছন্দক্রম দিয়েছেন। মোট আবেদনকারীর মধ্যে সফলভাবে পেয়েছেন ১২ লাখ ৯ হাজার ৬১৫ জন।

প্রথম ধাপে আবেদন করা শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে ২৩ জুন রাত ৮টায়। এরপর তাদের নিশ্চায়ন প্রক্রিয়া চলবে। ৩০ জুন দ্বিতীয় ধাপে আবেদন শুরু হয়ে চলবে ২ জুলাই পর্যন্ত। দ্বিতীয় ধাপের ফল প্রকাশ হবে ৪ জুলাই রাত ৮টায়। এছাড়া তৃতীয় ধাপে ৯ ও ১০ জুলাই আবেদন নিয়ে ১২ জুলাই ফল প্রকাশ করা হবে।

তিন ধাপে আবেদনের পর ফল প্রকাশ, নিশ্চায়ন ও মাইগ্রেশন শেষে ১৫ জুলাই থেকে ভর্তি প্রক্রিয়া শুরু হবে, যা চলবে ২৫ জুলাই পর্যন্ত। ভর্তি কার্যক্রম শেষে আগামী ৩০ জুলাই সারা দেশে একযোগে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

